



## ইরানের নতুন সর্বোচ্চ নেতা খামেনির ছেলে মোজতবা খামেনি



ইরানের নতুন সর্বোচ্চ নেতা আয়াতুল্লাহ আলি খামেনির ছেলে মোজতবা নির্বাচিত। সংগৃহীত

প্রয়াত সর্বোচ্চ নেতা আলি খামেনির ছেলে মোজতবা খামেনি ইরানের নতুন সুপ্রিম লিডার হিসেবে দায়িত্ব নিয়েছেন। দেশটির বিশেষ ধর্মীয় পরিষদ এক্সপার্টস অ্যাসেম্বলি তাকে এ পদে নির্বাচিত করেছে। প্রভাবশালী বিপ্লবী গার্ড বাহিনীর সমর্থন এই সিদ্ধান্তে গুরুত্বপূর্ণ ভূমিকা রেখেছে বলে মনে করা হচ্ছে। ১৯৬৯ সালের ৮ সেপ্টেম্বর মশহাদে জন্ম নেওয়া মোজতবা ধর্মীয় পরিবেশে বেড়ে ওঠেন। পড়াশোনা শেষ করে তিনি বিপ্লবী গার্ডে যোগ দেন এবং ইরান-ইরাক যুদ্ধের শেষ পর্যায়ে সম্পৃক্ত ছিলেন। পরে কোমের ধর্মীয় শিক্ষাকেন্দ্রে উচ্চতর শিক্ষা নেন এবং শিক্ষকতাও করেন। দীর্ঘদিন সুপ্রিম লিডারের দপ্তরে কাজ করে তিনি সামরিক ও রাজনৈতিক অঙ্গনে শক্ত অবস্থান গড়ে তোলেন। বিশ্লেষকদের মতে, তিনি ছিলেন ক্ষমতার অন্যতম নেপথ্য প্রভাবশালী ব্যক্তি। ২০০৫ ও ২০০৯ সালের নির্বাচনে মাহমুদ আহমাদিনেজাদের জয়ে তার পরোক্ষ ভূমিকার অভিযোগ রয়েছে। ২০০৯ সালের নির্বাচন-পরবর্তী আন্দোলন এবং ২০২২ সালে মাহসা আমিনির মৃত্যুকে ঘিরে শুরু হওয়া বিক্ষোভ দমনে নিরাপত্তা ব্যবস্থাপনায় তার সম্পৃক্ততার বিষয়েও আলোচনা রয়েছে। একই বছর তাকে ‘আয়াতুল্লাহ’ উপাধি দেওয়া হয়, যা অনেকেই ভবিষ্যৎ নেতৃত্বের প্রস্তুতির অংশ হিসেবে দেখেছেন। ৫৬ বছর বয়সে তিনি এমন সময়ে দায়িত্ব নিলেন, যখন ইরান আঞ্চলিক ও আন্তর্জাতিক চাপের মুখে রয়েছে। এতদিন পর্দার আড়ালে সক্রিয় থাকলেও এখন তাকে সরাসরি রাষ্ট্র ও ধর্মীয় নেতৃত্ব সামলাতে হবে।